গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
শাখা-৪
জাতীয় ক্রীড়া পরিষদ ভবন, লেভেল-১৫, ৬২/৩, পুরানা পল্টন,
ঢাকা-১০০০।
www.ccie.gov.bd

**নম্বর:** ২৬.০৩.০০০০.০০৪.৯৯.০০৩.২৪.২৫০

তারিখ: ১৪ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
২৮ মে ২০২৪ খ্রিস্টাব্দ

# বিজ্ঞপ্তি

**বিষয়: ২০২৩-২০২৪ অর্থবছরের পুরাতন কাপড় আমদানির জন্য গণবিজ্ঞপ্তি নং-০১(২০২১-২০২৪)/আমদানি(আমদানি বাণিজ্য নিয়ন্ত্রণ)।**

বাণিজ্য মন্ত্রণালয়ের ২০ মে ২০২৪ তারিখের স্মারক নম্বর: ২৬. ০০.০০০০.১১১.৫৩.০৬৪.২১.১৭১ সংখ্যক পত্রের নির্দেশনার আলোকে আমদানি নীতি আদেশ, ২০২১-২০২৪ এর অনুচ্ছেদ ২৫(৮) এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আমদানি নীতি আদেশের বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন সাপেক্ষে (শিল্প খাতে নিবন্ধিত আমদানিকারক ব্যতীত) সকল নিবন্ধিত আমদানিকারকগণ কর্তৃক ২০২৩-২০২৪ অর্থবছরে সংশ্লিষ্ট আঞ্চলিক আমদানি ও রপ্তানি দপ্তর হতে ইস্যুকৃত পূর্বানুমতিপত্রের ভিত্তিতে নগদ বৈদেশিক মুদ্রার আওতায় পুরাতন কাপড় আমদানি করতে পারবে। পুরাতন কাপড় আমদানির জন্য এই গণবিজ্ঞপ্তির অনুচ্ছেদ-৫ এ বর্ণিত শর্তাবলী এবং আমদানিকারককে নিজ উদ্যোগে বিক্রয়ের পূর্বে জীবানু নিষ্ক্রিয় করার শর্ত আবশ্যিকভাবে প্রতিপালন করতে হবে।

০২। সমগ্র বাংলাদেশে জেলা কোটায় মোট ৩,০০০ (তিন হাজার) জন আমদানিকারক (সর্বশেষ জনশুমারি অনুযায়ী জনসংখ্যার আনুপাতিক হারে বন্টনকৃত) জেলা কমিটি কর্তৃক প্রকাশ্য লটারির মাধ্যমে নির্বাচন করা হবে। আমদানিকারকদের জন্য জেলাওয়ারি সংখ্যা (কোটা) সংযুক্ত ছক-১ এ উল্লেখ করা হয়েছে। নিম্নরুপভাবে গঠিত ০৩ (তিন) সদস্য বিশিষ্ট জেলা কমিটির মাধ্যমে প্রকাশ্য লটারী অনুষ্ঠিত হবে।

(ক) সংশ্লিষ্ট জেলা প্রশাসক------------------------------------------- আহবায়ক

(খ) স্থানীয় শিল্প ও বণিক সমিতির একজন প্রতিনিধি----------------- সদস্য

(গ) আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের একজন প্রতিনিধি-- সদস্য সচিব

**৩।** আমদানিকারকগণের আমদানি নিবন্ধন সনদ (আইআরসি) অনুসারে রেকর্ডকৃত ঠিকানা যে জেলার আওতাধীন হবে কেবলমাত্র সে জেলার নির্ধারিত কোটার মধ্যে এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসকের দপ্তরেই পুরাতন কাপড়ের আমদানিকারক হিসেবে নির্বাচনের জন্য আবেদন দাখিল করতে হবে। প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন ও আগ্রহী আমদানিকারকগণ আগামী **৩০ জুন ২০২৪** তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সংযুক্ত ছক-২ অনুসারে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়ে পুরাতন কাপড়ের আমদানিকারক হিসাবে নির্বাচনের জন্য আবেদনপত্র দাখিল করতে পারবেন।

৪। জেলা কমিটি কর্তৃক প্রকাশ্য লটারির মাধ্যমে পুরাতন কাপড়ের প্রয়োজনীয় সংখ্যক আমদানিকারক নির্বাচনের পর নির্বাচিত আমদানিকারকদের নাম, ঠিকানা, আইআরসি নম্বর, ব্যাংকের নাম ইত্যাদি তথ্য সম্বলিত একটি তালিকা **১৫ আগস্ট ২০২৪** তারিখের মধ্যে সংশ্লিষ্ট আঞ্চলিক আমদানি ও রপ্তানি দপ্তরের নিকট প্রেরণ করবে এবং তালিকার ১ (এক) টি স্বাক্ষরিত অনুলিপি প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ (NSC) ভবন, লেভেল-১৫, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০ এর বরাবরে প্রেরণ করতে হবে। সংশ্লিষ্ট আঞ্চলিক আমদানি ও রপ্তানি দপ্তর সর্বশেষ **১৫ অক্টোবর ২০২৪** তারিখের মধ্যে পুর্বানুমতিপত্র জারি সম্পন্ন করবেন।

**৫। ২০২৩-২০২৪ অর্থ বছরে পুরাতন কাপড় আমদানির জন্য নিম্নোক্ত শর্তাবলী প্রযোজ্য হবেঃ-**

(১) শুধুমাত্র কম্বল, সুয়েটার, লেডিস কার্ডিগ্যান, জীপার জ্যাকেটসহ পুরুষের জ্যাকেট, পুরুষের ট্রাউজার এবং সিনথেটিক ও ব্লেন্ডেড কাপড়ের শার্ট পুরাতন কাপড় হিসাবে আমদানিযোগ্য হবে। অন্য কোন প্রকার পুরাতন কাপড় আমদানি করা যাবে না;

(২) প্রত্যেক আমদানিকারকের হিস্যা অনুর্ধ্ব ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা হবে, তবে শর্ত থাকে যে, আমদানিকৃত পুরাতন কাপড়ের মূল্য যথাযথ কর্তৃপক্ষের নির্ধারিত মূল্যের সাথে সংগতিপূর্ণ হতে হবে। উল্লিখিত হিস্যার মধ্যে পুরাতন কাপড় আমদানির সর্বোচ্চ পরিমাণ নিম্নে সংশ্লিষ্ট পণ্যের পার্শ্বে বর্ণিত ওজনের মধ্যে সীমাবদ্ধ থাকবেঃ

| ক্রমিক নং | পণ্যের নাম | পরিমাণ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |

| | | |
|---|---|---|
| ১. | কম্বল | ১ (এক) মেঃ টন |
| ২. | সুয়েটার | ৩ (তিন) মেঃ টন |
| ৩. | লেডিস কার্ডিগ্যান | ৩ (তিন) মেঃ টন |
| ৪. | জীপার জ্যাকেটসহ পুরুষের জ্যাকেট | ৩ (তিন) মেঃ টন |
| ৫. | পুরুষের ট্রাউজার | ৩ (তিন) মেঃ টন |
| ৬. | সিনথেটিক ও ব্লেন্ডেড কাপড়ের শার্ট | ১ (এক) মেঃ টন |

(৩) কোন একজন আমদানিকারক উল্লিখিত ৬ (ছয়) টি পণ্যের মধ্যে একাধিক পণ্য আমদানি করতে চাইলে সেক্ষেত্রে তার প্রাপ্য ৫০ (পঞ্চাশ) হাজার টাকার সামগ্রিক হিস্যার মধ্যে সংশ্লিষ্ট পণ্যগুলোর মূল্যের আনুপাতিক হারে নিরূপিত
ওজনের মধ্যেই সেগুলোর আমদানি সীমাবদ্ধ থাকবে;

(৪) পুরানো/পরিত্যাক্ত কাপড় আমদানির মাধ্যমে দেশের অভ্যন্তরে যাতে কোন প্রকার রোগ-জীবানু প্রবেশ করতে না পারে সে লক্ষ্যে আমদানিতব্য পুরাতন কাপড় যথাযথ প্রক্রিয়ায় রোগ-জীবানু মুক্তকরণ সংক্রান্ত রপ্তানিকারক দেশের স্বাস্থ্য/স্যানিটারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ আমদানি সংশ্লিষ্ট দলিলাদির সাথে বাধ্যতামূলকভাবে শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে;

(৫) কেবলমাত্র নগদ বৈদেশিক মুদ্রার অধীনে পুরাতন কাপড় আমদানি করা যাবে;

(৬) আমদানি নীতি আদেশ, ২০২১-২০২৪ এর ২৫ (৮) অনুচ্ছেদে বর্ণিত এতদসংক্রান্ত অন্যান্য সকল শর্তাদি অপরিবর্তিত থাকবে;

(৭) ২০২৩-২০২৪ অর্থবছরে পুরাতন কাপড় আমদানির জন্য **১৫ ডিসেম্বর ২০২৪** তারিখের মধ্যে ঋণপত্র খুলতে হবে এবং **১৫ ফেব্রুয়ারি ২০২৫** তারিখের মধ্যে পণ্য জাহাজীকরণ করতে হবে;

(৮) নির্বাচিত সকল আমদানিকারক আমদানিকৃত পুরাতন কাপড় নিজ নিজ জেলায় নিয়ে বিক্রয় করতে বাধ্য থাকবেন। এ বিষয়টি সংশ্লিষ্ট জেলা প্রশাসন কর্তৃক নিশ্চিত করতে হবে;

(৯) নির্বাচিত আমদানিকারকদের অনুকূলে আঞ্চলিক আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ দপ্তর কর্তৃক ইস্যুকৃত পুর্বানুমতিপত্রে মনোনীত ব্যাংকের নাম ও ঠিকানা উল্লেখ করে দেয়া হবে এবং কেবলমাত্র উল্লিখিত ব্যাংক কর্তৃক সংশ্লিষ্ট আমদানিকারকের অনুকূলে ঋণপত্র খোলা হবে।

(১০) যে সকল আমদানিকারক ২০২৩-২০২৪ অর্থবছরে উল্লিখিত পদ্ধতিতে পুরাতন কাপড় আমদানির যোগ্যতা অর্জন করবেন, তারা বর্তমান আমদানি নীতি আদেশ, ২০২১-২০২৪ এর পরিশিষ্ট-২ এ উল্লিখিত পদ্ধতি অনুসারে যৌথভাবে আমদানির জন্য গোষ্ঠীভুক্ত হতে পারবেন;

(১১) যদি কোন আমদানিকারক অথবা ঋণপত্র প্রতিষ্ঠাকারী ব্যাংক কর্তৃক তথ্য গোপন করে মিথ্যাচারের মাধ্যমে ২০২৩-২০২৪ অর্থবছরে পুরাতন কাপড় আমদানির জন্য নির্দিষ্ট আমদানিযোগ্য ৬ (ছয়) প্রকারের পুরাতন কাপড় ব্যতিরেকে অন্য কোন কাপড় কিংবা পণ্য আমদানি করা হলে শুল্ক কর্তৃপক্ষ বে-আইনীভাবে আমদানিকৃত পণ্য বাজেয়াপ্ত করবে। বে-আইনী কার্যক্রমের জন্য দায়ী আমদানিকারক ও ঋণপত্র প্রতিষ্ঠাকারী ব্যাংকের বিরুদ্ধে আইন অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(১২) পুরাতন কাপড়ের সকল চালানের সংঙ্গে রপ্তানিকারক দেশের শিল্প ও বণিক সমিতি হতে এ মর্মে একটি সনদপত্র দাখিল করতে হবে যে, সংশ্লিষ্ট চালানের মধ্যে আমদানি নিষিদ্ধ কোন পণ্য নেই; এবং

(১৩) আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজাদি দাখিল করতে হবেঃ
(ক) ২০২৩-২০২৪ অর্থবছরের নবায়নকৃত আমদানি নিবন্ধন সনদপত্রের কপি;
(খ) ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য বৈধ ট্রেড লাইসেন্সের কপি;
(গ) ২০২৩-২০২৪ কর বৎসরের আয়কর পরিশোধের প্রত্যয়নপত্র/আয়কর রিটার্ণ দাখিলের প্রাপ্তি স্বীকারপত্র;
(ঘ) আমদানি নিবন্ধন সনদপত্রে উল্লিখিত ব্যাংকের প্রত্যয়নপত্র;
(ঙ) নিবন্ধনকৃত স্থানীয় বণিক ও শিল্প সমিতি অথবা বাংলাদেশ ভিত্তিক তার নিজ ব্যবসার প্রতিনিধিত্বকারী সংশ্লিষ্ট ট্রেড এসোসিয়েশন হতে বৈধ সদস্যতা সনদপত্রের কপি;

(চ) জাতীয় পরিচয়পত্র কপি;

(ছ) প্রতিষ্ঠানের লেটারহেড প্যাডে আবেদনকারীর ৫ (পাঁচ) টি নমুনা স্বাক্ষর (আইআরসিতে উল্লিখিত) মনোনীত ব্যাংকের ম্যানেজার/ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নামের সীলসহ যথাযথভাবে সত্যায়িত কপি;

(জ) Online Licensec Module (OLM) এর মাধ্যমে জমাকৃত ফি-১০০০/- (এক হাজার) ও ভ্যাট ১৫০/- (একশত পঞ্চাশ) টাকার অনলাইন চালান কপি।

সংযুক্তি: ৩ প্রস্থ সংযুক্ত।

২৮-০৫-২০২৪

মোঃ সিরাজুল ইসলাম
উপ নিয়ন্ত্রক
০২৯৫৫২২১৬
dc.ho@ccie.gov.bd

**বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। জেলা প্রশাসক (সকল);
২। উপসচিব, অভ্যন্তরীণ বাণিজ্য-১, বাণিজ্য মন্ত্রণালয়;
৩। সকল আঞ্চলিক দপ্তর প্রধান,আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিদপ্তর;
৪। একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয়;
৫। সভাপতি, স্থানীয় শিল্প ও বনিক সমিতি (সকল জেলা);
৬। সভাপতি, বাংলাদেশ পুরাতন কাপড় আমদানিকারক সমিতি, তোপখানা রোড, ঢাকা-১০০০;
৭। নির্বাহী কর্মকর্তা-১, শাখা-৪, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর (ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য) এবং
৮। ব্যক্তিগত সহকারী, প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) আবেদনের নির্ধারিত ছক-২.doc
(২) জেলা ওয়ারী কোটা নির্ধারণ ছক-১.doc
(৩) পেমেন্টের সিস্টেম.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
জাতীয় ক্রীড়া পরিষদ (NSC) ভবন, লেভেল-১৫
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
www.ccie.gov.bd

**ছক-২**

**‘পুরাতন কাপড় আমদানিকারক নির্বাচনের জন্য আবেদনের নির্ধারিত ছক’**

(১) (ক) প্রতিষ্ঠানের নাম (আমদানি নিবন্ধন সনদ অনুযায়ী)……………………………………………..

(খ) প্রতিষ্ঠানের ঠিকানা (আমদানি নিবন্ধন সনদ অনুযায়ী)……………………………………………..

(গ) আমদানি নিবন্ধন সনদ (আইআরসি) নম্বর ………………………………………………………..

(ঘ) আমদানিকারকের বার্ষিক আমদানি সীমা………………………………………………………..

(২) (ক) প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদারের নাম……………………………..

(খ) উপরের (ক)-তে উল্লিখিত ব্যক্তির পিতার নাম……………………………………………………..

(৩) আবেদনকারী জাতীয় পরিচয় পত্র (এনআইডি) নং…………………………………………………….

(৪) ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য বৈধ ট্রেড লাইসেন্সের নম্বর…………………………………………….

(৫) ২০২৩-২০২৪ অর্থবছরের নবায়নকৃত আমদানি নিবন্ধন সনদপত্রের নম্বর……………………………………..

(৬) ইটিআইএন নং……………………………………………………………………………………….

(৭) আইআরসিতে উল্লিখিত মনোনীত ব্যাংকের নাম, শাখার নাম ও ঠিকানা……………………………………..

……………………………………………………………………………………………………………..

(৮) নিবন্ধনকৃত স্থানীয় বণিক ও শিল্প সমিতি অথবা বাংলাদেশ ভিত্তিক তার নিজ ব্যবসার প্রতিনিধিত্বকারী সংশ্লিষ্ট ট্রেড এসোসিয়েশন হতে বৈধ সদস্যতা সনদপত্রের নম্বর………………………………………………

(৯) আবেদন ফি-১০০০/- ও ভ্যাট-১৫০/- টাকার চালান অনলাইন নম্বর ও তারিখ (OLM এর মাধ্যমে ফি প্রদান করতে হবে)……………………………………………………………………………………………

(১০) প্রতিষ্ঠানের লেটারহেড প্যাডে আবেদনকারীর ৫ (পাঁচ) টি নমুনা স্বাক্ষর (আইআরসিতে উল্লিখিত) মনোনীত ব্যাংকের ম্যানেজার/ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নামের সীলসহ যথাযথভাবে সত্যায়িত কপি।

বি:দ্র: ক্রমিক ০৩ হতে ১০ নম্বর এর কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

**অংগীকারনামা:**

আমি নিম্নস্বাক্ষরকারী এই মর্মে অংগীকার করছি যে, আবেদনে প্রদত্ত তথ্যাদি সঠিক এবং আবেদনের সাথে দাখিলকৃত কাগজাদি সঠিক রয়েছে। যদি কোন তথ্য বা কাগজাদি ভুল (Fake) পাওয়া যায় তবে কর্তৃপক্ষ যে সিদ্ধান্ত নিবেন তা মেনে নিব।

আবেদনকারী স্বাক্ষর ও তারিখ……………………

নাম……………………………………………..

পদবী…………………………………………

প্রতিষ্ঠানের সীল

# পুরাতন কাপড় আমদানির অনুমতির জন্য ফি জমা প্রদানের প্রক্রিয়া

Google Chrome, Mozilla বা অন্য কোন Internet ব্রাউজারের মাধ্যমে সরাসরি olm.ccie.gov.bd লিংকে প্রবেশ করে Log in বাটনে ক্লিক করুন।

↓

OLM এর মাধ্যমে আইআরসি গ্রহণের জন্য ব্যবহৃত E-mail ও Password দিয়ে Log in করুন।

↓

বাম পাশের সেবার তালিকার থেকে Salt/ D-nothi অপশনে ক্লিক করুন

↓

ড্যাশ বোর্ডে প্রদর্শিত +Create New Payment Request ক্লিক করুন

↓

তালিকা মোতাবেক Organization/Applicant Name & Address পূরণ করুন, Purpose Of Challan এ Import Permition for Salt উল্লেখপূর্বক মোবাইল নম্বর ও ফি-১০০০.০০ টাকা লিখে Submit করুন।

↓

Payment Pending এ ক্লিক করুন, A2-Chalan Payment ক্লিক করুন, সোনালী ব্যাংক লিমিটেড ক্লিক করুন, Save & Continue এ ক্লিক করে (অনলাইন ব্যাংকিং/মোবাইল ব্যাংকিং) Payment সম্পন্ন করলে Payment Successful বার্তা প্রদর্শিত হবে এবং চালান ডাউনলোড করা যাবে।

↓

ডাউনলোডকৃত চালান আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
জাতীয় ক্রীড়া পরিষদ (NSC) ভবন, লেভেল-১৫
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
www.ccie.gov.bd

## 'ছক-১'
## জেলা কোটার বণ্টন তালিকা

| ক্রমিক নং | সংশ্লিষ্ট আঞ্চলিক দপ্তরের আওতাধীন জেলার নাম | জেলা কোটার সংখ্যা (জন) |
|---|---|---|
| ১ | আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা | |
| | (১) ঢাকা মহানগরীসহ ঢাকা জেলা | ২৬৮ |
| | (২) গাজীপুর | ৯৭ |
| | (৩) মানিকগঞ্জ | ২৮ |
| | (৪) মুন্সীগঞ্জ | ৩০ |
| | (৫) নরসিংদী | ৪৭ |
| | (৬) নারায়ণগঞ্জ | ৭১ |
| | (৭) ফরিদপুর | ৩৯ |
| | (৮) রাজবাড়ী | ২২ |
| | (৯) গোপালগঞ্জ | ২৩ |
| | (১০) মাদারীপুর | ২৩ |
| | (১১) শরিয়তপুর | ২৩ |
| | (১২) টাঙ্গাইল | ৭৩ |
| | **মোট** | **৭৪৪** |
| ২ | আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, চট্টগ্রাম | |
| | (১৩) চট্টগ্রাম | ১৬৭ |
| | (১৪) কক্সবাজার | ৫১ |
| | (১৫) বান্দরবান | ০৯ |
| | (১৬) খাগড়াছড়ি | ১৩ |
| | (১৭) রাংগামাটি | ১২ |
| | (১৮) ফেনী | ৩০ |
| | (১৯) লক্ষ্মীপুর | ৩৫ |
| | (২০) নোয়াখালী | ৬৭ |
| | **মোট** | **৩৮৪** |
| ৩ | আমদানি ও রপ্তানি যুগ্ম-নিয়ন্ত্রকের দপ্তর, খুলনা | |
| | (২১) যশোর | ৫৬ |
| | (২২) ঝিনাইদহ | ৩৬ |
| | (২৩) মাগুরা | ১৯ |
| | (২৪) নড়াইল | ১৪ |
| | (২৫) বাগেরহাট | ২৯ |
| | (২৬) খুলনা | ৪৭ |
| | (২৭) সাতক্ষীরা | ৪০ |
| | (২৮) চুয়াডাংগা | ২২ |
| | (২৯) কুষ্টিয়া | ৩৯ |
| | (৩০) মেহেরপুর | ১৩ |
| | **মোট** | **৩১৫** |
| ৪ | আমদানি ও রপ্তানি যুগ্ম-নিয়ন্ত্রকের দপ্তর, রাজশাহী | |
| | (৩১) নাটোর | ৩৪ |
| | (৩২) চাঁপাইনবাবগঞ্জ | ৩৩ |
| | (৩৩) রাজশাহী | ৫৩ |
| | **মোট** | **১২০** |
| ৫ | আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, বরিশাল | |
| | (৩৪) বরিশাল | ৪৭ |
| | (৩৫) ঝালকাঠী | ১২ |
| | (৩৬) পিরোজপুর | ২২ |
| | (৩৭) পটুয়াখালী | ৩১ |
| | (৩৮) বরগুনা | ১৮ |
| | (৩৯) ভোলা | ৩৫ |
| | **মোট** | **১৬৫** |

| ক্রমিক নং | সংশ্লিষ্ট আঞ্চলিক দপ্তরের আওতাধীন জেলার নাম | জেলা কোটার সংখ্যা (জন) |
|---|---|---|
| ৬ | আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, সিলেট | |
| | (৪০) হবিগঞ্জ | ৪৩ |
| | (৪১) মৌলভীবাজার | ৩৯ |
| | (৪২) সুনামগঞ্জ | ৪৯ |
| | (৪৩) সিলেট | ৭০ |
| | **মোট** | **২০১** |
| ৭ | আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, কুমিল্লা | |
| | (৪৪) ব্রাহ্মণবাড়ীয়া | ৬০ |
| | (৪৫) চাঁদপুর | ৪৮ |
| | (৪৬) কুমিল্লা | ১১৩ |
| | **মোট** | **২২১** |
| ৮ | আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, দিনাজপুর | |
| | (৪৭) দিনাজপুর | ৬০ |
| | (৪৮) পঞ্চগড় | ২১ |
| | (৪৯) ঠাকুরগাঁও | ২৮ |
| | **মোট** | **১০৯** |
| ৯ | আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, ময়মনসিংহ | |
| | (৫০) জামালপুর | ৪৫ |
| | (৫১) শেরপুর | ২৭ |
| | (৫২) কিশোরগঞ্জ | ৫৯ |
| | (৫৩) ময়মনসিংহ | ১০৭ |
| | (৫৪) নেত্রকোনা | ৪২ |
| | **মোট** | **২৮০** |
| ১০ | আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, পাবনা | |
| | (৫৫) পাবনা | **৫৩** |
| ১১ | আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, রংপুর | |
| | (৫৬) গাইবান্ধা | ৪৭ |
| | (৫৭) কুড়িগ্রাম | ৪২ |
| | (৫৮) লালমনিরহাট | ২৬ |
| | (৫৯) নীলফামারী | ৩৮ |
| | (৬০) রংপুর | ৫৮ |
| | **মোট** | **২১১** |
| ১২ | আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, বগুড়া | |
| | (৬১) বগুড়া | ৬৮ |
| | (৬২) জয়পুরহাট | ১৭ |
| | **মোট** | **৮৫** |
| ১৩ | আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, নওগাঁ | |
| | (৬৩) নওগাঁ | **৫১** |
| ১৪ | আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, সিরাজগঞ্জ | |
| | (৬৪) সিরাজগঞ্জ | **৬১** |
| | **সর্বমোট=** | **৩,০০০ (তিন হাজার)** |